ঠাকুরগাঁওয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

শামসুল আলম, ঠাকুরগাঁও – ঠাকুরগাঁওয়ে নানা আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত । গতকাল শনিবার বিকেলে ঠাকুরগাঁও কালিবাড়ী জেলা সাধারণ পাঠাগার মাঠে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী যুক্ত হয় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর । বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সাবেক পৌর মেয়র ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক মির্জা ফয়সাল আমিন, পৌর বিএনপির সভাপতি শরিফুল ইসলাম শরিফ, সদর উপজেলা বিএনপির সভাপতি আব্দুল হামিদ, সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান তুহিন।

জেলা ছাত্রদলের সভাপতি মোঃ কায়েস, সাধারণ সম্পাদক ওহিদুল ইসলাম প্রমুখ, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ রিজওয়ানুল হক রেজু, সাবেক সভাপতি রাশেদ আলম লাবু,সাবেক সাধারণ সম্পাদক চৌধুরী মেহেরুল্লাহ নুর প্রমুখ।